

অবসরে যাচ্ছেন বেবিচক চেয়ারম্যান

- A Monitor Desk Report

Date: 25 June, 2024



ঢাকাঃ দুই দফা মেয়াদ বৃদ্ধির পর অবসরে যাচ্ছেন বেবিচক চেয়ারম্যান এয়ার ভাইস মার্শাল মো. মফিদুর রহমান। হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের নির্মাণকাজ শেষ করতে দুই দফা মেয়াদ বৃদ্ধি করা হয়েছিল তাঁর। অবশেষে তিনি অবসরে (পিআরএল) যাচ্ছেন।

৩০ জুন তিনি পিআরএলে যাবেন বলে প্রতিরক্ষা মন্ত্রণালয় থেকে জারি করা এক প্রজ্ঞাপনে বিষয়টি জানানো হয়েছে।

২০১৯ সালের ১৮ জুন মফিদুর রহমানকে বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের (বেবিচক) চেয়ারম্যানের দায়িত্ব দেয় জনপ্রশাসন মন্ত্রণালয়। এরপর দুই দফায় এক বছর ও ছয় মাস করে তার চাকরির মেয়াদ বাড়ানো হয়।

সোমবার (২৪ জুন) জারি করা প্রজ্ঞাপনে বলা হয়, বাংলাদেশ বিমান বাহিনীর কর্মকর্তা এয়ার ভাইস মার্শাল মোহাম্মদ মফিদুর রহমানকে বিমান বাহিনী অ্যাক্ট রুলস ১৯৫৭-এর ২৪(১) ও ২৪(৭) অনুযায়ী বর্ধিত চাকরির সময়সীমা অতিক্রান্তে অবসর দেওয়া হলো।

২০১৯ সালের ১৮ জুন মফিদুর রহমানকে বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের (বেবিচক) চেয়ারম্যান হিসেবে নিয়োগ দেয় জনপ্রশাসন মন্ত্রণালয়।

এয়ার ভাইস মার্শাল মো. মফিদুর রহমান ১৯৮৭ সালে বাংলাদেশ বিমান বাহিনীতে ফাইটার পাইলট হিসেবে কমিশন লাভ করেন।

-B